

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর সংগ্রহ বিভাগ  
১৬, আবদুল গণি রোড, ঢাকা।  
website: www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৮.৭৭৮(৭)

তারিখঃ ২৬/০৪/২০১৮ খ্রিঃ।

**বিষয়ঃ বোরো সংগ্রহ-২০১৮ এ অভ্যন্তরীণভাবে সংগ্রহতব্য সিদ্ধ চাল এবং আতপ চালের বিভাগ, জেলা ও উপজেলা ভিত্তিক লক্ষ্যমাত্রা বিভাজন প্রেরণ।**

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০২.২০১৮-২৩, তারিখ: ২৬/০৪/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০১৮ এর আওতায় সিদ্ধ ও আতপ চাল সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

(ক) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক যথাক্রমে জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি ও উপজেলা সংগ্রহ কমিটির সভাপতির সাথে যোগাযোগ করে যত দূর সম্ভব জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির এবং উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা আহ্বান ও সংগ্রহ কাজ শুরু করার ব্যবস্থা গ্রহণ করা;

(খ) ২০১৮ সালে বোরো সংগ্রহ মৌসুমে ৮,০০,০০০ (আট লাখ) মেট্রিক টন সিদ্ধ ও ১,০০,০০০ (এক লাখ) মেট্রিক টন আতপ চাল মিলারদের নিকট থেকে সংগ্রহ করতে হবে;

(গ) সিদ্ধ চালের সংগ্রহ মূল্য প্রতিকেজি ৩৮/- (আটত্রিশ) টাকা এবং আতপ চালের সংগ্রহ মূল্য প্রতিকেজি ৩৭ (সাতত্রিশ) টাকা;

(ঘ) সিদ্ধ ও আতপ চাল সংগ্রহের সময়সীমা ০২ মে, ২০১৮ খ্রি: তারিখ হতে ৩১ আগস্ট, ২০১৮ খ্রি: পর্যন্ত;

(ঙ) বোরো সংগ্রহ-২০১৮ এর আওতায় সিদ্ধ ও আতপ চালের জন্য মিলারদের সাথে চুক্তির সময়সীমা ১০.০৫.২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারণ;

(চ) চাল ৩০ ও ৫০ কেজি ধারণক্ষম উভয় প্রকার বস্তায় সংগ্রহ করা; প্রতিটি বস্তার জামানত মূল্য ৩০ কেজি ধারণক্ষম বস্তার ক্ষেত্রে ৬০.০০ (ষাট) টাকা এবং ৫০ কেজি ধারণক্ষম বস্তার ক্ষেত্রে ৮০.০০ (আশি) টাকা নির্ধারণ করা;

(ছ) কোন মিলার চুক্তিকৃত চাল কোন কারণে ১৫ দিনের মধ্যে সরবরাহ দিতে ব্যর্থ হলে পরিস্থিতি বিবেচনা করে তাকে তার আবেদন অনুযায়ী অতিরিক্ত সর্বোচ্চ ৩০ দিন সময় প্রদান করা। এই অতিরিক্ত সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে উক্ত মিলার চাল প্রদানে ব্যর্থ হলে তার বরাদ্দ বাতিল করে তার অসরবরাহকৃত সম্পূর্ণ বা আংশিক চাল অন্য সক্ষম মিলারের অনুকূলে বরাদ্দ প্রদান করা;

(জ) অটোমেটিক রাইস মিলের অনুকূলে পাম্পিক হাঁটাই ক্ষমতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা;

(ঝ) সরবরাহকৃত চালের মূল্য ডব্লিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট মিলারের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা;

(ঞ) সংগ্রহ নীতিমালার অনুচ্ছেদ ১৭(খ) এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটিকে সংগ্রহকরা পণ্যের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করতে হবে। এ প্রতিবেদনের তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক পাওয়া না গেলে কমিটিকে এর জন্য দায়ী করা হবে;

(ট) উল্লিখিত নির্দেশাবলীর অনুসরণে কার্যক্রম গ্রহণ করে প্রতিমাসের শেষ সপ্তাহে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবেন। প্রতিবেদনে তার নজরে আসা অধিক্ষেত্রের সংগ্রহ সংক্রান্ত অনিয়ম ও গৃহীত কার্যক্রমের বিবরণ থাকবে;

(ঠ) স্বাভাবিকভাবে বিদ্যমান নীতিমালা অনুযায়ী সকল কার্যক্রম পরিচালিত হবে; এবং

(ড) এ ছাড়াও সংগ্রহ কার্যক্রম চলমান অবস্থায় সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসরণ করতে হবে।

এক্ষণে সূত্রে বর্ণিত স্মারকে অনুমোদনকৃত ৮.০০ লাখ মে:টন সিদ্ধ চালের উপজেলাওয়ারী বিভাজন ও ১.০০ লাখ মে:টন আতপ চালের বিভাগভিত্তিক বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তার অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলাসমূহে জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা-২০১০ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের সিদ্ধ চাল সংগ্রহের জন্য সকলকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: বর্ণনামতে ..... ফর্দ।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,  
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল

ফা  
(মোঃ আবদুল আজিজ মোল্লা)  
পরিচালক  
সংগ্রহ বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৮.৭৭৮/৭(২০)

তারিখঃ ২৬/০৪/২০১৮ খ্রিঃ।

অনুলিপিঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৫। সকল পরিচালক.....খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। (২৬/০৪/১৮)

পরিচালক  
সংগ্রহ বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।